# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৫৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩৭]

১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ ভূমিকম্পের ব্যাপারে এবং কিয়ামতের আলামত সম্পর্কে যা বর্ণিত হয়েছে

باب مَا قِيلَ فِي الزَّلاَزِلِ وَالآيَاتِ

আরবী

□□□ـ عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا عَنِ النَّبِيِّ قَالَ: قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي شَامِنَا وَفِي يَمَنِنَا قَالَ: قَالُوا: وَفِي نَجْدِنَا. قَالَ: قَالَ اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي شَامِنَا وَفِي يَمَنِنَا قَالَ: قَالُوا: وَفِي نَجْدِنَا. قَالَ: قَالَ هُنَاكَ الزَّلاَزِلُ وَالْفِتَنُ وَبِهَا يَطْلُعُ قَرْنُ الشَّيْطَانِ. (بخارى:□□□□

বাংলা

৫৫১) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ ‘‘হে আল্লাহ! আপনি আমাদের শাম এবং ইয়ামানে বরকত দান করুন’’। সাহাবীগণ বললেনঃ আমাদের নজদের জন্যও (বরকতের দু’আ করুন)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবার বললেনঃ হে আল্লাহ! আপনি আমাদের শাম এবং ইয়ামানে বরকত দান করুন। সাহাবীগণ বললেনঃ আমাদের নজদের জন্যও (বরকতের দু’আ করুন)। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ সেখানে (নজদে) ভূমিকম্প হবে এবং ফিতনা প্রকাশিত হবে। সেখানেই শয়তানের শিং (দল) বের হবে।

---

টিকাঃ হাদীছে যে নজদের বর্ণনা এসেছে তা হেজাজের নজদ নয়। তা ইরাকের নজদ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পূর্বের দিকে ইঙ্গিত করে দেখিয়েছেন যে, সেখান থেকেই সকল প্রকার ফিতনা বের হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভবিষ্যৎ বাণী বাস্তবায়িত হয়েছে। যুগে যুগে সকল প্রকার ফিতনা ইরাক থেকেই বের হয়েছে। আজ পর্যন্তও ইরাক বিভিন্ন প্রকার ফিতনার কবলে নিমজ্জিত। কিয়ামতের পূর্ব মুহূর্তেও বড় বড় ফিতনা ঐ সমস্ত অঞ্চল থেকে বের হবে।

বিদআতীরা বলে থাকে, মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাব (রঃ) যে নজদ অঞ্চলে জন্ম গ্রহণ করেছেন অত্র হাদীছে সে নজদ উদ্দেশ্য। শুধু তাই নয়, তাঁর দাওয়াত ও সংস্কারকে তারা গোমরাহীর দাওয়াত বলে আখ্যা দিয়ে থাকে।

প্রকৃতপক্ষে তাঁর দাওয়াত ছিল নির্ভেজাল তাওহীদের দাওয়াত। এ দাওয়াতের উপরই বর্তমান সৌদি আরব প্রতিষ্ঠিত হয়েছে। আল্লাহ তাঁর দাওয়াতকে বরকতময় করেছেন। আল্লাহর ইচ্ছায় তাঁর দাওয়াতের প্রভাব বিশ্বময়

ছড়িয়ে পড়েছে। আল্লাহর কাছে দুআ করি, তিনি যেন এ দাওয়াতকে কিয়ামত পর্যন্ত চালু রাখেন।

## English

Earthquakes and (other) signs (of the Day of Judgement)

Narrated Ibn `Umar:

(The Prophet) said, "O Allah! Bless our Sham and our Yemen." People said, "Our Najd as well." The Prophet again said, "O Allah! Bless our Sham and Yemen." They said again, "Our Najd as well." On that the Prophet (ﷺ) said, "There will appear earthquakes and afflictions, and from there will come out the side of the head of Satan.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89849

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন